The Notice of EGM has been sent electronically only to members whose email addresses are registered with the Company / Depositories. Members are requested to please refer to the soft copy of the Notice of the EGM.

Members may note that the notice of the EGM is made available on the website of the Company at www.granulesindia.com, the stock exchanges viz., BSE Limited www.bseindia.com, National Stock Exchange of India Limited www.nseindia.com and the website of the Registrar and Transfer Agent at www.kfintech.com.

**Remote e-voting, e-voting during the EGM and attending the EGM**

Pursuant to Section 108 of the Companies Act, 2013, read with the relevant rules made thereunder and regulation 44 of the Listing Regulations, the Company is pleased to provide the facility to the members to exercise their right to vote by electronic means on all the resolutions outlined in the notice of the Extraordinary General Meeting.

The remote e-voting period will commence at 9.00 a.m. on Monday, January 19, 2026 and end at 5.00 p.m. on Wednesday, January 21, 2026. The e-voting portal shall be disabled by M/s. KFin Technologies Limited (KFin) thereafter.

The members who have not cast their vote through remote e-voting shall be eligible to cast their vote through the e-voting system available during the EGM.

Only persons whose name is recorded in the Register of Members or the Register of Beneficial Owners maintained by the depositories as of the cut-off date, i.e., Thursday, January 15, 2026 shall be entitled to avail of the facility of remote e-voting or e-voting at the EGM. The voting rights of the members shall be in proportion to their share of the paid-up equity share capital of the Company as of the cut-off date.

Members will be provided with a facility to attend the EGM through the Video Conferencing (VC) facility provided by KFin at https://emeetings.kfintech.com.

The members may kindly refer to the detailed guidelines given in the Notice of the EGM for e-voting and joining the EGM through Video Conferencing.

For Granules India Limited
Chaitanya Tummala
Company Secretary

Date : 31.12.2025
Place : Hyderabad

## মিলল না প্রশাসনিক অনুমতি

# বিদবিহার পঞ্চায়েত ও মেলা কমিটির উদ্যোগে শুরু অস্থায়ী সেতু নির্মাণ



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** প্রতিবছরের মত এবছরও মকর সংক্রান্তি উপলক্ষ্যে বীরভূমের জয়দেবে শুরু হবে কেন্দুলী মেলা। বহু প্রাচীন কাল থেকে এই মেলায় লক্ষ লক্ষ পূণ্যার্থীরা ভিড় জমান। এ বছরও বীরভূম জেলার অজয় নদের তীরে বসবে মেলা। সেই মেলায় পশ্চিম বর্ধমান জেলার থেকেও বহু পূণ্যার্থী ভিড় জমাবেন। এতদিন অজয় নদের ওপর দিয়ে অস্থায়ী সেতু দিয়েই মকর স্নান সেরে মেলায় যেতেন পূণ্যার্থীরা। প্রতিবছর বর্ষার সময় অজয় নদের জলে ভেসে যেত অস্থায়ী সেতু। ফের সেই সেতু টেন্ডার ডেকে বীরভূম জেলা প্রশাসন নির্মাণ করার উদ্যোগ নিত। বারবার বালি মাটি দিয়ে তৈরি অস্থায়ী সেতু অজয় নদের জলের তোড়ে ভেসে যাওয়ার জন্য সমস্যায় পড়তে হত দুই জেলার মানুষদের। যার কারণে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় উদ্যোগ নিয়ে দুই জেলার মানুষের সুবিধার জন্য স্থায়ী ব্রিজ নির্মাণ করে দিয়েছেন। সেই ব্রিজ দিয়ে যাতায়াত শুরু হয়ে গিয়েছে। চলছে বাস লরি সহ বহু ভারী যানবাহন। স্থায়ী ব্রিজ নির্মাণ হওয়ার ফলে দুর্গাপুর শহর থেকে অল্প সময়ের মধ্যে বীরভূম জেলায় পৌঁছে যাচ্ছেন যাত্রীরা। তবে মকর স্নান সেরে পশ্চিম বর্ধমান জেলার মানুষদের জয়দেবের কেন্দুলী মেলায় পৌঁছতে প্রায় তিন থেকে চার কিলোমিটার রাস্তা অতিক্রম করে পৌঁছতে হবে। যার কারণেই অস্থায়ী সেতু নির্মাণের দাবী জানান পশ্চিম বর্ধমান জেলার কাঁকসা ব্লকের বিদবিহার গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত শিবপুর এলাকার বাসিন্দারা। তারা জানান, স্থায়ী সেতু দিয়ে মেলায় পৌঁছতে গেলে দীর্ঘ পথ অতিক্রম করতে হবে। তার জায়গায় প্রশাসন যদি অস্থায়ী সেতু নির্মাণ করে দেয়। তাহলে পূর্ণার্থীরা মকর স্নান সেরে সহজেই মেলায় পৌঁছতে পারবেন। অস্থায়ী সেতু নির্মাণের দাবি নিয়ে আন্দোলনে নামে স্থানীয় বাসিন্দারা। এরপরেই প্রশাসনের পক্ষ থেকে একটি দল অজয় নদের উপর ভেসে যাওয়া অস্থায়ী সেতু পরিদর্শন করেন। পরে অস্থায়ী সেতু নির্মাণের জন্য কাঁকসা পঞ্চায়েত সমিতির সভা কক্ষে প্রশাসনিক আধিকারিকদের নিয়ে বৈঠক করেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রদীপ মজুমদার। প্রশাসনিক জট কাটাতে বৈঠক করা হলেও এই বিষয়ে কোনো রকম সমাধান সূত্র বের হয়নি। অন্যদিকে অস্থায়ী সেতু নির্মাণের দাবিতে রাস্তা অবরোধ করে আন্দোলনে নামে বিজেপি কর্মী সমর্থকরা। অন্যদিকে বীরভূম জেলা প্রশাসনের পক্ষ থেকেও অস্থায়ী ব্রিক নির্মাণের বিষয়ে কোনো রকম উদ্যোগ না নেওয়ায়। শেষমেষ স্থানীয়রাই উদ্যোগ নিয়ে বালি মাটি দিয়ে অস্থায়ী সেতু নির্মাণের কাজ শুরু করে। বিদবিহার গ্রাম পঞ্চায়েতের সদস্য স্বপন সূত্রধর জানিয়েছেন, রাজ্য সরকার সব সময় মানুষের পাশে রয়েছে, তারই উদাহরণ অস্থায়ী সেতু নির্মাণ কাজ শুরু হওয়া। তার কথায় প্রশাসনের উদ্যোগেই অস্থায়ী সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। যদিও কাঁকসা ব্লকের তৃণমূলের ব্লক সভাপতি তথা কাঁকসা পঞ্চায়েত সমিতির সদস্য নব কুমার সামন্ত জানিয়েছেন, প্রশাসনিকভাবে কোনরকম অনুমতি পাওয়া যায়নি। যার জন্য কোনও টেন্ডার করা হয়নি। যেহেতু এলাকার মানুষের একটা আবেগ রয়েছে মেলাকে ঘিরে। তাই স্থানীয় মানুষরা এবং যারা মেলা কমিটির সদস্যরা রয়েছেন তারাই উদ্যোগ নিয়ে অস্থায়ী সেতু নির্মাণের কাজ শুরু করেছেন পূণ্যার্থীদের সুবিধার জন্য এবং তাদের সাহায্য করছে বিদবিহার গ্রাম পঞ্চায়েত। অস্থায়ী সেতু যেভাবেই নির্মাণ হোক না কেন। সেতু নির্মাণের কাজ শুরু হতেই খুশি এলাকার মানুষ। তাঁরা জানিয়েছেন, মেলার জন্য অস্থায়ী সেতুটি তাদের খুব প্রয়োজন ছিল। বহু মানুষ আছেন যারা অজয় নদে স্নান সেরে অস্থায়ী সেতু দিয়ে জয়দেবের কেন্দুলী মেলায় যান। স্থায়ী সেতু দিয়ে তাদের যেতে গেলে যে সময় খরচ হতো তার থেকেও কম সময়ে তারা মেলায় প্রবেশ করতে পারবেন। ফলে হয়রানি অনেকটাই কমবে। তবে আগামী বছর পুনরায় সেই অস্থায়ী সেতু নির্মাণ হবে কিনা সেই বিষয় নিয়ে প্রশাসনিকভাবে কোনও উত্তর পাওয়া যায় নি। তবে এদিন অস্থায়ী সেতু নির্মাণের কাজ শুরু হতেই ঘটনাস্থলে যান গলসির বিধায়ক নেপাল ঘড়ুই ও কাঁকসা পঞ্চায়েতের বন ও ভূমি কর্মাধ্যক্ষ পিরু খান। তাঁরা এদিন অস্থায়ী সেতু নির্মাণ কাজ খতিয়ে দেখেন।

# মুখ্যমন্ত্রীর মঞ্চে জায়গা না পেয়ে ক্ষোভ উগরে দিলেন তৃণমূলের এসটি সেলের জেলা সভাপতি

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** জেলায় মুখ্যমন্ত্রীর দলীয় সভা। সেই সভায় তৃণমূলের বিভিন্ন শাখা সংগঠনের নেতৃত্ব ঠাঁই পেলেও জায়গা পেলেন না দলের এসটি সেলের বিষ্ণুপুর সাংগঠনিক জেলা সভাপতি অমিয় কিস্কু। আর তারপরই এই বঞ্চনা নিয়ে সামাজিকমাধ্যমে রীতিমতো লাইভ করে আয়োজক দলের নেতৃত্বের প্রতি নিজের ক্ষোভ উগরে দিলেন তিনি। এই ঘটনায় রীতিমতো অস্বস্তিতেপড়ে মুখে কুলুপ এঁটেছে তৃনমূলের জেলা নেতারা। কটাক্ষ করার এমন সুযোগ হাতছাড়া করেনি বিজেপি।

গতকাল বাঁকুড়ার বড়জোড়ায় দলীয় জনসভা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সভার আয়োজক ছিল তৃণমূলের বাঁকুড়া, বিষ্ণুপুর ও পূর্ব বর্ধমান সাংগঠনিক জেলা নেতৃত্ব। মঞ্চে ওই তিন জেলার দলীয় নেতা, মন্ত্রী, সাংসদ ও বিধায়কদের পাশাপাশি জায়গা পেয়েছিলেন যুব, মহিলা, সংখ্যালঘু-সহ বিভিন্ন শাখা সংগঠনের জেলা সভাপতিরা। কিন্তু মঞ্চে ঠাঁই হয়নি বিষ্ণুপুর সাংগঠনিক জেলার এসটি সেলের সভাপতি অমিয় কিস্কুর। ঘটনায় রীতিমতো ক্ষুব্ধ ওই তৃণমূল নেতা সামাজিক মাধ্যমে নিজের ক্ষোভ উগরে দিয়েছেন। তাঁর দাবি, এসটি সেলের মতো গুরুত্বপূর্ণ শাখা সংগঠনের জেলা সভাপতি যদি মঞ্চে জায়গা না পান তাহলে ওই শাখা সংগঠনের ব্লক ও অঞ্চল স্তরের নেতৃত্বও কোনও জায়গা পাবে না। ফলে আদিবাসী ভোট তৃণমূলের বিরুদ্ধে চলে যাবে। পরে ওই জেলা সভাপতি সভার আয়োজক দলীয় নেতৃত্বের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিয়ে বলেন, দলীয় নেতৃত্বের পদ দিলে সেই পদের মর্যাদা রক্ষার দায়িত্বও দলীয় নেতৃত্বের উপর বর্তায়। বিষয়টি নিয়ে অস্বস্তিতে পড়ে মুখে কুলুপ এঁটেছে তৃণমূলের জেলা নেতৃত্ব।

বিজেপির কটাক্ষ, 'এসটি সেলের ওই সভাপতি ঠিকমতো কাটমানি দিতে পারেননি। তাই তাঁকে মঞ্চে জায়গা না দিয়ে বালি চোর, কয়লা চোরদের মঞ্চে জায়গা দেওয়া হয়েছে।'

# জলে ডুবে মৃত্যু

**নিজস্ব প্রতিবেদন, আউশগ্রাম:** আউশগ্রাম থানার বড় গ্রামের খিমাকরি মণ্ডল নামে এক বৃদ্ধা মঙ্গলবার সকাল থেকে নিখোঁজ ছিলেন। মৃতার ছেলে জানিয়েছে, সকালবেলায় একটা ব্যাগ নিয়ে বাড়ি থেকে চলে যায়। তারপর খোঁজাখুঁজি করেও মায়ের কোন খোঁজ পাওয়া যাচ্ছিল না। বুধবার সকালে মালপাড়ার পুকুরের কাছে একটি ব্যাগ দেখতে পায় গ্রামবাসীরা। পরে খবর দেওয়া হয় পুলিশকে। খোঁজাখুঁজি করতেই উদ্ধার হয় দেহ। নিখোঁজ হওয়ার পর থেকেই গোলদার বাসিন্দা শেখ আনন্দ নামে এক ব্যক্তি কয়েকজনকে সঙ্গে নিয়ে উদ্ধার কাজে হাত লাগায়। দেহ উদ্ধারের পর থেকে সারাক্ষণ পরিবারের পাশেই ছিলেন তিনি। জানা গিয়েছে, একজন মুসলিম হয়েও বিভিন্ন সময় গ্রামের মানুষের উপকারে আসে আনন্দ। আনন্দ জানান, 'আমার কাছে ধর্মের উর্ধ্বে মানুষ। মানুষ বিপদে পড়লে তার পাশে না দাঁড়াতে পারলে, সে ধর্মের কী দাম?'


**SBI**

**স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ I, কলকাতা**
"নাগাল্যান্ড হাউস", ৯ম তল, ১১ এবং ১৩ শেক্সপীয়র সরণি, কলকাতা - ৭০০০৭১
ফোন : ০৩৩-২২৮০৩০৯৮, ফ্যাক্স : ০৩৩-২২৮১০৬২২, ইমেল : sbi.04151@sbi.co.in

**ই-নিলাম নোটিশ**

অনুমোদিত অফিসারের বিস্তারিত : নাম : আশুতোষ ঠাকুর, ইমেল : clo1.04151@sbi.co.in, মোবাইল : ৯০০৪৯৩৬৫০৪

**পরিশিষ্ট - IV-A**
**স্থাবর সম্পদ বিক্রির জন্য বিক্রয় নোটিশ**
২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিনকস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) এবং রুল ৯(১) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ

**ই-নিলামের তারিখ এবং সময় : তারিখ : ১৯.০১.২০২৬**
সময় : ৩০০ মিনিট সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ প্রতিটি ডাকের জন্য সহ

এতদ্বারা জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা এবং জামিনদারদের কাছে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক দেওয়া/চার্জ করা নিম্নোক্ত স্থাবর সম্পত্তি, যার স্বত্ব দখল স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার অনুমোদিত কর্মকর্তা, সুরক্ষিত পাওনাদার কর্তৃক গৃহীত হয়েছে, **"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে"** এবং **"যেমন অবস্থায় আছে"** ভিত্তিতে **১৯.০১.২০২৬** তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত **https://baanknet.com** ওয়েবসাইটের মাধ্যমে বিক্রি করা হবে ৩০.০৯.২০২৫ তারিখে **৯৯,৯১,৬৮,৭০৯.২৭ টাকা** (নিরানব্বই কোটি একানব্বই লক্ষ আটষট্টি হাজার সাতশ নয় টাকা এবং সাতাশ পয়সা) এবং পরবর্তী সুদ এবং **মেসার্স এনএপি কনস্ট্রাকশনস প্রাইভেট লিমিটেড** (ঋণগ্রহীতা) এবং (১) মোহন্ত কুমার মন্ডল (২) শ্রীমতী মিত্র ঘোষ স্বামী প্রয়াত নির্মাল্য ঘোষ, (৩) শ্রী গৌতম ঘোষ পিতা প্রয়াত নির্মাল্য ঘোষ, (৪) শ্রী দেবদত্ত ঘোষ পিতা প্রয়াত নির্মাল্য ঘোষ, (৫) শ্রী প্রণব কুমার ঘোষ, (৬) শ্রী পবিত্র কুমার ঘোষ, (৭) শ্রী প্রদীপ কুমার, (৮) শ্রী প্রবীর কুমার ঘোষ, (৯) শ্রী অনুপম রায়, (১০) শ্রী পলাশ কুন্ডু, (১১) শ্রী. সুব্রত সেন (ব্যক্তিগত জামিনদাতাগণ) কাছ থেকে।
**সংরক্ষিত মূল্য, বায়না জমা (ইএমডি), জ্ঞাত দায়বদ্ধতা সহ (যদি কিছু থাকে) বিস্তারিত :**

| ক্রম | সম্পত্তি/সম্পদসমূহের বিস্তারিত | ১. সংরক্ষিত মূল্য ২. ইএমডি ৩. ডাক বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|
| ১ | ফ্ল্যাট নং -৩, ২য়তল, এবং ১ গ্যারাজ , ৬/৪ ফার্ন রোড, কলকাতা, পরিমাপ ১৬৫০.০০ বর্গফুট **(সম্পত্তি আইডি : SBIN041510000001)** সম্পত্তি পর্যবেক্ষণের তারিখ এবং সময় : ০৯.০১.২০২৬, বিকেল ৩.৪৫ টা থেকে বিকেল ৪.৪৫ টা পর্যন্ত। | ১. ৮৫,০০,০০০.০০ টাকা ২. ৮,৫০,০০০.০০ টাকা ৩. ২৫,০০০.০০ টাকা |
| ১ | জমি ৩ কাঠা ৮ ছটাক এবং তদস্থিত দোতলা ভবন , ৩১ মেন রোড, কায়স্থ পাড়া, কসবা, কলকাতা, এরিয়া ৩০৬১.১৩ বর্গফুট। (সম্পত্তি আইডি : **SBIN041510000005**)। সম্পত্তি পর্যবেক্ষণের তারিখ এবং সময় : ০৯.০১.২০২৬, বিকেল ২.৩০ টা থেকে বিকেল ৩.৩০ পর্যন্ত। | ১. ৯১,০০,০০০.০০ টাকা ২. ৯,১০,০০০.০০ টাকা ৩. ২৫,০০০.০০ টাকা |

**সম্পত্তি অনুস্থানের জন্য**

| https://sbi.co.in web/sbi-in-the-news/auction- notices/sarfaesi-and-others | ই-নিলামের ওয়েবসাইট ইউআরএল https://baanknet.com | সম্পত্তির অবস্থান SBIN0415110000001 | সম্পত্তির অবস্থান SBIN041510000005 |
|---|---|---|---|

বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইটে প্রদত্ত লিঙ্কটি দেখুন, যেমন https://sbi.co.in/web/sbi-in-the-news/auction-notices/sarfaesi-and-others এবং https://baanknet.com

তারিখ : ০১.০১.২০২৬, স্থান : কলকাতা — স্বা/- অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



**বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-9331059060**



**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI**
**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সরিষা শাখা**
সরিষা হাট, গ্রাম এবং পো - সরিষা, থানা - ডায়মন্ডহারবার পব - ৭৪৩৩৬৮ ইমেল : Sarisha.Howrah@bankofindia.co.in

পরিশিষ্ট এ
(ঋণগ্রহীতা(গণ) এর প্রতি যারা তাদের সম্পত্তি/সম্পদের দ্বারা জামিন প্রদান করেছেন। সংশ্লিষ্ট এই নোটিশের একটি কপি জামিনদাতা(গণ) এর দ্বারা অনুমোদিত হতে হবে যারা তাদের সম্পত্তি/সম্পদ দ্বারা জামিন প্রদান করেননি।)

কুরিয়ার/রেজিস্টার্ড ডাক এ/ডি দ্বারা প্রেরিত

প্রতি,
**সোমনাথ মন্ডল,**
গ্রাম আশাপুর পো মহেশ্বরা থানা রামনগর পব ৭৪৩৩৬৮
(ঋণগ্রহীতা -বন্ধকদাতা)
মহাশয়,

**২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ**

১. আপনার অনুরোধে, ব্যাংক আপনাকে মোট ২৭৪৭০০০.০০ **টাকা** পর্যন্ত বিভিন্ন ঋণ সুবিধা প্রদান করেছে। এই নোটিশের তারিখে আমাদের দ্বারা প্রদত্ত বিভিন্ন ঋণ সুবিধা এবং এর অধীনে বকেয়া পাওনার বিবরণ আমরা এখানে দিচ্ছি :

| সুবিধার ধরন | মঞ্জুরিকৃত সীমা | বকেয়া |
|---|---|---|
| ক) হাউসিং লোন | ১৯,০২,০০০.০০/- | ১৯,১৫,৯৯৮.০০ টাকা-ইউসিআই |
| খ) ক্যাশ ক্রেডিট | ৪,৭০,০০০.০০ /- | ৪,৭৪,০০১.০০ টাকা-ইউসিআই |
| গ) টার্ম লোন | ৩,৭৫,০০০.০০ /- | ৮৮,৭৪৫.০০ টাকা - ইউসিআই |

২. উক্ত ঋণ সুবিধা ব্যাঙ্ক কর্তৃক প্রদত্ত হয়েছে নিম্নোক্ত সম্পদ/জামিন অধীনে (ব্যাঙ্কের নিকট দায়বদ্ধ সম্পত্তি/সম্পদের বিবরণ) : -
**ক)** বন্ধকদত্ত সম্পত্তি সংশ্লিষ্ট সকল অংশ ২ শতক বাস্তু জমি এবং তদস্থিত ভবন শেড এবং নির্মাণ অবস্থিত আরএস এবং এলআর দাগ নং ৪২৮, এলআর খতিয়ান নং ১৫৭, বর্তমান এলআর খতিয়ান নং ৯১০, মৌজা : আশাপুর, জেএল নং ৩৫, তৌজি নং ৩৭, মাথুর গ্রাম পঞ্চায়েত অধীন,থানা রামনগর, এডিএসআরও -ডায়মন্ড হারবার, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭৪৩৩৬৮, সম্পত্তি সোমনাথ মন্ডলের নামে। (হাউসিং লোন এ/সি ৪১২৮৭৫১১০০০০০৬১ এর জন্য), **খ)** তৈরি বস্তু মজুত ঠিকানা গ্রাম আশাপুর, পো মহেশ্বরা, থানা রামনগর, পিন ৭৪৩৩৬৮ ( ক্যাশ ক্রেডিট এ/সি ৪১২৮৩০১১০০০০১৫৪ এর জন্য) এবং ব্যবসায়িক টার্ম লোন (৪১২৮৭৩৪১০০০০০৯৬)
৩. আপনাদের উক্ত ঋণসুবিধাদির ক্ষেত্রে ব্যাঙ্কের নিকট বকেয়া ঋণখেলাপির কারণে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট **নন-পারফর্মিং অ্যাসেট হিসেবে** ২১.০৮.২০২৪ তারিখ থেকে গণ্য করা হয়েছে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশাবলি/নিয়মাবলি অধীনে।
৪. উপরে উল্লিখিত কারণগুলির জন্য, আমরা আপনাকে উপরে উল্লিখিত আইনের ধারা ১৩(২) এর অধীনে নোটিশ দিচ্ছি এবং ২১.০৮.২০২৪ তারিখ থেকে কার্যকরভাবে ব্যাংককে **২৪৭৮৭৪৪.০০ টাকা + ইউসিআই (নোটিশের তারিখ পর্যন্ত চুক্তিভিত্তিক পাওনা) প্রদান করে আপনার দায় সম্পূর্ণরূপে পরিত্যাগ করার জন্য আহ্বান জানাচ্ছি, যা মাসিক অবশিষ্টাংশে এবং ব্যাংক কর্তৃক গৃহীত সমস্ত খরচ, চার্জ ব্যয়ের সাথে মিলিত হবে, যতক্ষণ না এই নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে** আপনার দ্বারা পরিশোধ করা হয়। অনুগ্রহ করে মনে রাখবেন যে, উপরে উল্লিখিত সুরক্ষিত সম্পদের বিরুদ্ধে, আমরা খরচ এবং পরিণতি সম্পর্কে সম্পূর্ণ ঝুঁকি নেব।
৫. আমরা আপনাকে উপরে উল্লিখিত সময়ের মধ্যে ব্যাংকের কাছে সমস্ত পাওনা, প্রযোজ্য সুদ, পরিশোধ এবং সুরক্ষিত সম্পদ মুক্ত পর্যন্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত সমস্ত খরচ, চার্জ এবং ব্যয় পরিশোধ করে আপনার দায়বদ্ধতা পালনের জন্য আহ্বান জানাচ্ছি, তবে দয়া করে মনে রাখবেন যে সারফেসি আইনের ধারা ১৩(৮) অনুসারে, সুরক্ষিত সম্পদ খালাসের অধিকার কেবলমাত্র পাবলিক নিলামের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অথবা লিজ, অ্যাসাইনমেন্ট বা বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের জন্য পাবলিক বা প্রাইভেট চুক্তি থেকে কোটেশন বা টেন্ডার আহ্বানের তারিখ পর্যন্ত আপনার কাছে উপলব্ধ থাকবে।
৬. উপরে উল্লিখিত ক্ষমতা প্রয়োগের মাধ্যমে আদায়কৃত অর্থ, প্রথমত, আমাদের দ্বারা করা সমস্ত খরচ, চার্জ এবং ব্যয় এবং/বা আনুষঙ্গিক যেকোন খরচ পরিশোধের জন্য প্রযোজ্য হবে, এবং দ্বিতীয়ত, এই নোটিশের তারিখ থেকে প্রকৃত আদায়ের তারিখ পর্যন্ত চুক্তিভিত্তিক সুদ সহ উপরে উল্লিখিত ব্যাংকের পাওনা পরিশোধের জন্য প্রযোজ্য হবে এবং ব্যাংকের সম্পূর্ণ পাওনা (ঋণগ্রহীতা বা জামিনদাতা হিসেবে ব্যাংকের কাছে আপনার অন্যান্য পাওনা সহ) সম্পূর্ণরূপে আদায় হওয়ার পরে অবশিষ্ট অর্থ, যদি থাকে, আপনাকে পরিশোধ করা হবে।
৭. সুরক্ষিত সম্পদের বিরুদ্ধে উল্লিখিত ক্ষমতা প্রয়োগের সময় আদায়কৃত আয় থেকে যদি উল্লিখিত পাওনা সম্পূর্ণরূপে আদায় না হয়, তাহলে আমরা আপনার এবং আপনার অন্যান্য সম্পদের বিরুদ্ধে ঋণ পুনরুদ্ধার ট্রাইবুনাল/আদালত সমীপে মামলা করার অধিকার সংরক্ষণ করি যাতে আপনার কাছ থেকে আনুষঙ্গিক সমস্ত খরচ ইত্যাদি সহ বাকি পরিমাণ আদায় করা যায়।
৮. অনুগ্রহ করে মনে রাখবেন যে, উপরোক্ত আইনের উপ-ধারা (১৩) অনুসারে, এই নোটিশ প্রাপ্তির পর, আপনাকে বিক্রয়, লিজ, লাইসেন্স, উপহার, বন্ধক বা অন্য কোনও উপায়ে উল্লিখিত সুরক্ষিত সম্পদ হস্তান্তর বা তার উপর কোনও দায়বদ্ধতা তৈরি করতে নিষেধ করা হয়েছে।
৯. নিম্নস্বাক্ষরকারী এই নোটিশ জারি করার এবং উপরোক্ত আইনের ধারা ১৩ এর অধীনে ক্ষমতা প্রয়োগ করার জন্য ব্যাংকের একজন যথাযথভাবে অনুমোদিত কর্মকর্তা।
১০. উল্লেখ করার প্রয়োজন নেই যে এই নোটিশটি আপনাকে সম্বোধন করা হয়েছে ব্যাংকের কাছে উপলব্ধ অন্য কোনও প্রতিকারের প্রতি কোনও ক্ষতি না করে।

আপনাদের বিশ্বস্ত,
স্থান : সরিষা — স্বা/- চিফ ম্যানেজার / অনুমোদিত অফিসার
তারিখ : ১০.১১.২০২৫ — ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কলকাতা জোন



**নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড**
CIN : L92419WB1989PLC046487
রেজি. অফিস : "ঝিল মিল", সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ফোন: (০৩৩) ৬৫২১ ৫৫১৮/০৪
ই-মেল: niccopark@niccoparks.com ওয়েবসাইট: www.niccoparks.com

**ফিজিকাল শেয়ারের স্থানান্তর অনুরোধ পুনরায় তালিকাভুক্ত করার জন্য বিশেষ ব্যবস্থা**

সকল শেয়ারহোল্ডারদের অবগত করা হচ্ছে যে, ২ জুলাই, ২০২৫ তারিখের সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD-POD/P/CIR/2025/97 অনুসারে, কোম্পানি ১ এপ্রিল, ২০১৯ এর আগে জমা দেওয়া কিন্তু ডকুমেন্টেশন, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত বা ফেরত দেওয়া ভৌত শেয়ারের ট্রান্সফার ডিড পুনরায় নথিভুক্তির জন্য এককালীন বিশেষ ব্যবস্থা করা হয়েছে।
এই বিশেষ ব্যবস্থা ৭ জুলাই, ২০২৫ থেকে ৬ জানুয়ারী, ২০২৬ পর্যন্ত ছয় মাসের জন্য খোলা থাকবে।
অনুগ্রহ করে মনে রাখবেন যে এই ব্যবস্থা চলাকালীন, সমস্ত পুনঃ নথিভুক্ত শেয়ারসমূহ শুধুমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) আকারে ইস্যু করা হবে।
যোগ্য শেয়ারহোল্ডাররা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ তাদের স্থানান্তরের অনুরোধ কোম্পানি বা এর রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) এর কাছে জমা দিতে পারেন।
পুনরায় তালিকাভুক্তির করার জন্য প্রক্রিয়া সম্পর্কিত যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন :

| | |
|---|---|
| শ্রী রাহুল মিত্র নোডাল অফিসার কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লি. 'ঝিল মিল', সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা - ৭০০১০৬ ফোন : ০৩৩ ৬৫২১ ৫৫১৮/৫৫০৪ ইমেল : rahul@niccoparks.com | আর অ্যান্ড ডি ইনফোটেক প্রা. লি. রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) ১৫/সি, নরেশ মিত্র সরণি (পূর্বতন বেলতলা রোড) কলকাতা - ৭০০ ০২৬ ফোন : ০৩৩ ২৪১৯ ২৬৪১/২৬৪২ ইমেল : info@rdinfotech.net |

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড -এর পক্ষে
স্বা/-
স্থান : কলকাতা — রাহুল মিত্র
তারিখ : ৩১.১২.২০২৫ — কোম্পানি সেক্রেটারি এবং কমপ্ল্যায়ান্স অফিসার



**IndusInd Bank**
**রিজিওনাল অফিস :**
সাবিত্রী টাওয়ার, ৩এ, আপার উড স্ট্রিট
কলকাতা ৭০০০১৭

পরিশিষ্ট-৪
**দখল বিজ্ঞপ্তি** (রুল-৮(১) দেখুন)
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লি. এর অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে ১৩.০৬.২০২৩ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে **ঋণগ্রহীতা - মেসার্স জুপিটার ট্রেডিং কোম্পানি, শ্রী কৃষ্ণ আগরওয়াল (জামিনদাতা/বন্ধকদাতা) শ্রী সত্য নারায়ণ আগরওয়াল (জামিনদাতা/বন্ধকদাতা) শ্রী অমিত আগরওয়াল (জামিনদাতা/বন্ধকদাতা) শ্রী দীপক কুমার আগরওয়াল (দীপক আগরওয়াল) (জামিনদাতা/বন্ধকদাতা) শ্রীমতী জ্যোতি আগরওয়াল (জামিনদাতা/বন্ধকদাতা) এবং শ্রীমতী প্রীতি আগরওয়াল (জামিনদাতা/বন্ধকদাতা) নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ ৫৬,১৩,০২৫.৩৫ টাকা (ছাপান্ন লাখ তেরো হাজার পঁচিশ টাকা এবং পঁয়ত্রিশ পয়সা)** ৩১ মে, ২০২৩ অনুযায়ী অতিরিক্ত সুদ এবং ১৩-০৬-২০২৩ তারিখের নোটিশে সংশ্লিষ্ট ঋণ সুবিধার বিপরীতে উল্লিখিত সুদ এবং ১৮.৭৫ শতাংশ বার্ষিক (সরল হারে) জরিমানা সুদ এবং খরচ, চার্জ এবং ব্যয় ইত্যাদি উল্লেখিত নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে জমা দিতে হবে।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ অ্যাক্টের রুল ৮ এর সঙ্গে পঠিত সেকশন ১৩ এর সাব-সেকশন (৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে **৩০ ডিসেম্বর ২০২৫** তারিখে।
বিশেষভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে যেকোনও প্রকার লেনদেনে ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লি. উল্লিখিত **৫৬,১৩,০২৫.৩৫ টাকা (ছাপান্ন লাখ তেরো হাজার পঁচিশ টাকা এবং পঁয়ত্রিশ পয়সা)** ৩১ মে, ২০২৩ অনুযায়ী অতিরিক্ত সুদ এবং ১৩-০৬-২০২৩ তারিখের নোটিশে সংশ্লিষ্ট ঋণ সুবিধার বিপরীতে উল্লিখিত সুদ এবং ১৮.৭৫ শতাংশ বার্ষিক (সরল হারে) জরিমানা সুদ এবং খরচ, চার্জ এবং ব্যয় ইত্যাদি সহ।
ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে উক্ত অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮)-এর বন্দোবস্তে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার প্রাপ্তব্য সময়ের ব্যাপারেও।

**স্থাবর সম্পত্তির বিবরণ**
সংশ্লিষ্ট সকল অংশ কসবাসের ফ্ল্যাট ৫মতলে নং ৪ডি, পরিমাপ আনুমানিক ১৯৩৩ বর্গফুট এবং এক কার পার্কিং স্পেস বেসমেন্টে অবস্থিত প্রেমিসেস নং ৩৬সি, নাম ওম টাওয়ার্স, অবস্থিত বারাকপুর ট্রাঙ্ক রোড (বি টি রোড), রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বিপরীতে, ওয়ার্ড নং ০১, থানা এবং পো কাশীপুর, জেলা উত্তর ২৪ পরগনা, পিন -৭০০০০২, সম্পত্তির যথাযথ ভাগ অংশ সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সহ।
বিস্তারিত এবং আরও নির্দিষ্টভাবে দলিল নং ১৫২০ -২০০৬ সালের সম্পাদিত ২২.১১.২০০৬ তারিখে সম্পত্তি শ্রী সত্য নারায়ণ আগরওয়াল, শ্রী কৃষ্ণ আগরওয়াল, শ্রী অমিত আগরওয়াল, শ্রী দীপক কুমার আগরওয়াল, শ্রীমতি জয়তী আগরওয়াল এবং শ্রীমতি প্রীতি আগরওয়াল এর নামে।
তারিখ- ৩০.১২.২০২৫ — অনুমোদিত অফিসার
স্থান- উত্তর ২৪ পরগনা — ইন্ডাসইন্ড ব্যাঙ্ক লিঃ



**ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra**
**ব্যাংক অফ মহারাষ্ট্র**
জোনাল অফিস কলকাতা
ম্যাকলিওড হাউস, ৩, এন.এস. রোড, কলকাতা - ৭০০০০১
ইমেল : dzmkolkata@mahabank.co.in
legal_cal@mahabank.co.in, recovery_cal@mahabank.co.in

**স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি (পরিশিষ্ট - IV-A)**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি, যা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর বিধি ৮ (৬) এর শর্তাবলী সহ পঠিত।
এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা এবং জামিনদারদের কাছে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, ব্যাংক অফ মহারাষ্ট্রের কাছে বন্ধক/চার্জ করা নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি, যার দখল ব্যাংক অফ মহারাষ্ট্রের অনুমোদিত কর্মকর্তা দ্বারা নেওয়া হয়েছে, পুনরুদ্ধারের জন্য **'যেমন আছে যেখানে আছে', 'যেমন আছে যা আছে' এবং 'যা আছে তাই আছে' ভিত্তিতে ২২.০১.২০২৬ তারিখে বিক্রি করা হবে।** সারণীতে উল্লিখিত ঋণগ্রহীতা এবং জামিনদারদের কাছ থেকে ব্যাঙ্ক অফ মহারাষ্ট্রের কাছে বকেয়া বকেয়া পরিমাণ। ঋণগ্রহীতা এবং জামিনদারদের বিবরণ, প্রদেয় পরিমাণ, স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ এবং এতে জানা দায়, দখলের ধরণ, সংরক্ষিত মূল্য এবং বায়না জমাও নিম্নরূপ দেওয়া হল :

| ক্রম নং | ঋণগ্রহীতা এবং জামিনদাতার নাম | বকেয়া পরিমাণ | জ্ঞাত দায়বদ্ধতা সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ | ক) দখলের ধরন খ) সংরক্ষিত মূল্য গ) বায়না জমা ঘ) ডাক বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | **শ্রীমতি পেমকিত সিয়াও,** স্বামী প্রয়াত সিয়াও ইউ চাই, ১৯ বি ত্রিয়েট্টা বাজার স্ট্রিট, কলকাতা - ৭০০০৭৩, **শ্রী সোওয়াং শী ইউ ওরফে স্টিভেন সিয়াও,** পিতা প্রয়াত সিয়াও ইউ চাই, ১৯ বি ত্রিয়েট্টা বাজার স্ট্রিট, কলকাতা - ৭০০০৭৩, (সল্ট লেক শাখা, **শাখা ম্যানেজার :** শ্রী বরাহমিহির রাউত, **মো : ৮০৯৩৩৯০৪২৩)** | **১,১৭,৭৪,০৪৫ টাকা** (এক কোটি সতের লাখ চুয়াত্তর হাজার পঁয়তাল্লিশ টাকা) প্রযোজ্য হারে কেবলমাত্র অধার্য পরবর্তী সুদ সহ | ফ্ল্যাট নং টি১/১/বি, কার্পেট এরিয়া ৫৭০ বর্গফুট বিল্ট আপ এরিয়া ৬১৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ৯৪৫ বর্গফুট টাইপ বি, দোতলায় টাওয়ার ১ অবস্থিত পুরসভা প্রেমিসেস নং ৪৪ মঠেশ্বরতলা রোড, থানা ট্যাংরা (বর্তমানে প্রগতি ময়দান), কলকাতা - ৭০০০৪৬, চৌহদ্দি : উত্তরে প্রেমিসেস নং ১২৯ এবং প্রেমিসেস নং ১৩০ মঠেশ্বরতলা রোড। পূর্বে : প্রেমিসেস নং ১২৯ এবং মহেশ্বরতলা রোড। পশ্চিমে : প্রেমিসেস নং ১২৯ এবং মঠেশ্বরতলা রোড। দক্ষিণে : মঠেশ্বরতলা রোড। **দায়বদ্ধতা জ্ঞাত নয়।** | **ক) কার্যকরী খ) সংরক্ষিত মূল্য : ৫৬,৭২,০০০ টাকা (ছাপান্ন লাখ বাহাত্তর হাজার টাকা) গ) ইএমডি : ৫,৬৭,২০০ টাকা (পাঁচ লাখ সাতষট্টি হাজার দুশো টাকা) ঘ) ডাক বৃদ্ধি : ১৫,০০০ টাকা** |
| | | | ফ্ল্যাট নং টি১/১/সি কার্পেট এরিয়া ৭৫২ বর্গফুট বিল্ট আপ এরিয়া ৮৫৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ১১৯৪ বর্গফুট দোতলায় টাওয়ার ১, অবস্থিত পুরসভা প্রেমিসেস নং ৪৪ মঠেশ্বরতলা রোড, থানা ট্যাংরা (বর্তমানে প্রগতি ময়দান), কলকাতা - ৭০০০৪৬ এবং চৌহদ্দি : উত্তরে : প্রেমিসেস নং ১২৯ এবং প্রেমিসেস নং ১৩০ মঠেশ্বরতলা রোড। পূর্বে : প্রেমিসেস নং ১২৯ এবং মঠেশ্বরতলা রোড। পশ্চিমে : প্রেমিসেস নং ১২৯ এবং মঠেশ্বরতলা রোড। দক্ষিণে : মঠেশ্বরতলা রোড। দায়বদ্ধতা জ্ঞাত নয়। | **ক) কার্যকরী খ) সংরক্ষিত মূল্য : ৭০,৮০,০০০ টাকা (সত্তর লাখ আশি হাজার টাকা) গ) ইএমডি : ৭,০৮,৩০০ টাকা (সাত লাখ আট হাজার তিনশ টাকা) ঘ) ডাক বৃদ্ধি : ১০,০০০ টাকা** |
| ২. | **মেসার্স ওয়েস্টার্ন ট্রেডার্স,** ২১৬/৩এ, এ জে সি বোস রোড, কলকাতা - ৭০০০১৭ (ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা) **এবং আরও অফিস ঠিকানা :** ১৯ বি, ত্রিরেট্টি বাজার স্ট্রিট, কলকাতা - ৭০০০৭৩। **শ্রীমতি পেমকিত সিয়াও,** স্বামী প্রয়াত সিয়াও ইউ চাই, ১৯ বি, ত্রিরেট্টি বাজার স্ট্রিট, কলকাতা -৭০০০৭৩। (অংশীদার এবং জামিনদাতা) **শ্রী সোয়াং শী ওরফে স্টিভেন সিয়াও,** পিতা প্রয়াত সিয়াও ইউ চাই, ১৯ বি ত্রিরেট্টি বাজার স্ট্রিট, কলকাতা- ৭০০০৭৩। (অংশীদার এবং জামিনদাতা) (সল্টলেক শাখা) **শাখা ম্যানেজার :** শ্রী বরাহমিহির রাউত। **মো : ৮০৯৩৩৯০৪২৩** | **৭,০৪,৪৯,৩৫৩ টাকা** (সাত কোটি চার লাখ উনপঞ্চাশ হাজার তিনশ তিপান্ন টাকা) প্রযোজ্য হারে কেবলমাত্র অধার্য পরবর্তী সুদ সহ সংশ্লিষ্ট তারিখ থেকে | সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ আনুমানিক ৩৫ কাঠা অর্থাৎ ২৫২০০ বর্গফুট কমবেশি আধা বাণিজ্যিক নির্মাণ সম্পত্তি মেসার্স ওয়েস্টার্ন ট্রেডার্স স্বত্ব : শ্রীমতি পেমকিত সিয়াও স্বামী প্রয়াত সিয়াও ইউ চাই অবস্থিত মৌজা : পূর্ব ইছাপুর, পো - কদম্বগাছি, থানা বারাসত, বর্তমানে দত্তপুকুর, কলকাতা পিন - ৭০০১২৫, আরএস এবং এলআর দাগ নং ৩৩১ (অংশ), জেএল নং ১১১, এলআর খতিয়ান নং ৮২৮, ৮৪৯ আরএস খতিয়ান নং ২৮, জেলা উত্তর ২৪ পরগনা, কদম্বগাছি গ্রাম পঞ্চায়েত অধীন। চৌহদ্দি : উত্তরে : মহ আবুল হাসেম এর পুকুর। দক্ষিণে : ৬০ ফুট চওড়া টাকি রোড। পূর্বে র মালিকের জমি আরএস এবং এলআর দাগ নং ৩৩১ (অংশ)। পশ্চিমে : আবুল হোসেনের। **দায়বদ্ধতা জ্ঞাত নয়।** | **ক) কার্যকরী খ) সংরক্ষিত মূল্য :** ৪,৫৫,৪৩,০০০ টাকা **(চার কোটি পঞ্চান্ন লাখ তেতাল্লিশ হাজার টাকা) গ) ইএমডি : ৪৫,৫৫,০০০ টাকা (পঁয়তাল্লিশ লাখ পঞ্চান্ন হাজার টাকা) ঘ) ডাক বৃদ্ধি : ১৫,০০০ টাকা** |
| | | | জমি এবং তদস্থিত দুই স্টোরেজ ভবন পরিমাপ ১৪৪০০ বর্গফুট -মেসার্স ওয়েস্টার্ন ট্রেডার্স স্বত্ব : শ্রীমতি পেমকিত সিয়াও স্বামী প্রয়াত সিওয়াও ইউ চাই অবস্থিত মৌজা : পূর্ব ইছাপুর , পো কদম্বগাছি, থানা বারাসত বর্তমানে দত্তপুকুর, কলকাতা পিন :৭০০১২৫, আরএস এবং দাগ নং ৩৩১ (অংশ), তৌজি নং ১৪৬ খতিয়ান নং ৭১০, জেএল নং ১১১, জেলা উত্তর ২৪ পরগনা, কদম্বগাছি গ্রাম পঞ্চায়েত অধীন। চৌহদ্দি : উত্তরে : মহ আবুল হাসানের পুকুর। দক্ষিণে : মহ আবুল হাসেম এর জমি এবং টাকি রোড। পূর্বে : মহ আবুল হাসেম এর জমি। পশ্চিমে : এ বি এস মেরিনা প্রোজেক্টস প্রা লি এর জমি। দায়বদ্ধতা জ্ঞাত নয়। | **ক) কার্যকরী খ) সংরক্ষিত মূল্য :** ৩,৩৫,৮০,০০০ টাকা **(তিন কোটি পঁয়ত্রিশ লাখ আশি হাজার টাকা) গ) ইএমডি : ৩৩,৫৮,০০০ টাকা ( তেত্রিশ লাখ আটান্ন হাজার টাকা) ঘ) ডাক বৃদ্ধি : ১৫,০০০ টাকা** |
| ৩. | **মেসার্স আয়ান গারমেন্টস স্বত্বা : পারভিন বানো,** ৫২, আফতাবুদ্দিন মুন্সি লেন, পূর্ব পশ্চিম নার্সিং হোম, হাওড়া -৭১১১০১। **(শাখা ম্যানেজার :** শ্রী বৈথা রাজেশ কুমার **মো : ৯১৭৫৫২৩১১৬)** | **১২,০৫,২২৯ টাকা** (বারো লাখ পাঁচ হাজার দুশো উনত্রিশ টাকা) অধার্য পরবর্তী সুদ সহ | এক দোকান একতলায় এরিয়া ১০৩ বর্গফুট, হোল্ডিং নং ১৭, নীলমণি মল্লিক লেন, ওয়ার্ড নং ১৯, হাওড়া পৌর নিগম অধীন। থানা এবং জেলা : হাওড়া, বিক্রয় দলিল নং ০৫০১০৩২৯৭/২০১৭, চৌহদ্দি : উত্তরে : মধুসূদন দাসের সম্পত্তি। পূর্বে : মধুসূদন দাসের দোকান ঘর। পশ্চিমে : ৪ চওড়া সাধারণ চলার পথ। দক্ষিণে : ১৭ নীলমণি মল্লিক লেন। **দায়বদ্ধতা জ্ঞাত নয়।** | **ক) কার্যকরী খ) সংরক্ষিত মূল্য :** ৪,৯০,০০০ টাকা **(চার লাখ নব্বই হাজার টাকা) গ) ইএমডি : ৪৯,০০০ টাকা ( উনপঞ্চাশ হাজার টাকা) ঘ) ডাক বৃদ্ধি : ১০,০০০ টাকা** |

বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে ব্যাংকের ওয়েবসাইট এবং পোর্টালে (https://baanknet.com) প্রদত্ত "https://www.bankofmaharashtra.in/AssetsforSale" লিঙ্কটি দেখুন।

তারিখ : ৩১.১২.২০২৫ — স্বা/-
স্থান : কলকাতা — এজিএম, ডিজেডএম কলকাতা এবং অনুমোদিত অফিসার



**SBI**
**এসবিআই, এইচএলসি বেহালা (১৭৮৯৯)**
২৩এ/৪৪এক্স, ৪র্থ তল, জীবনতারা বিল্ডিং, ডি এইচ রোড
কলকাতা - ৭০০০৫৩ ইমেল - sbi.17899@sbi.co.in

**২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ**

এতদ্বারা নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ সুবিধার মূল এবং সুদ আদায়দানে ব্যর্থ হওয়ায় তাঁর ঋণ অ্যাকাউন্ট নন পারফর্মিং অ্যাসেটস (এনপিএ) শ্রেণিভুক্ত হয়েছে। উক্ত নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা অধীনে ইস্যু করা হয়েছে এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়েছিল, কিন্তু তা অবণ্টিত অবস্থায় ফিরে এসেছে ফলে এই নোটিশ মারফত অবগত করা হচ্ছে।

| ক্রম নং | ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের নাম এবং ঠিকানা এবং শাখার নাম এবং এ/সি নং | স্বত্ব দলিল দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিস্তারিত | নোটিশের তারিখ এনপিএ তারিখ | বকেয়া পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | **শ্রী বিবেক গোয়েল** পিতা আত্মা রাম গোয়েল **শ্রী আত্মারাম গোয়েল** পিতা রাঙ্গ লাল গোয়েল, **শ্রীমতি কবিতা গোয়েল** স্বামী বিবেক গোয়েল, **সকলের নিবাস :** ফ্ল্যাট নং ১০ ডি, ১১তম তল, থানা প্লাজো, ৩৫ পন্ডিতিয়া রোড, শরৎ বোস রোড, কলকাতা -৭০০০২৯। **সকলের আরও ঠিকানা :** অরবিট ব্লিস, ১৪০এ, ব্লক -জি, নিউ আলিপুর, সার্কাস এভিনিউ, কলকাতা- ৭০০০৫৩। **শ্রী বিবেক গোয়েল** পিতা আত্মা রাম গোয়েল **শ্রীমতি কবিতা গোয়েল** স্বামী বিবেক গোয়েল **উভয়ের ঠিকানা :** নরেশ রেডিও কর্পোরেশন, ১, ম্যাডান স্ট্রিট, চাঁদনি চক, কলকাতা -৭০০০৭২। **শ্রী আত্মারাম গোয়েল** পিতা রঙ্গলাল গোয়েল, **শ্রীমতি রাজু দেবী গোয়েল** স্বামী আত্মারাম গোয়েল, **উভয়ের ঠিকানা :** ই-৮৪, অশোক বিহার, ফেজ -১, ৪র্থতল, দিল্লি -১১০০৫২। **উভয়ের আরও ঠিকানা :** চৌধুরী ফার্ম, সুরজগড়, জেনি রোড, নাথ জি কা কুয়া, পো এবং থানা : সুরজগড়, রাজস্থান -৩৩৩০২৯। **শ্রী বিবেক গোয়েল** পিতা আত্মারাম গোয়েল, নেটওয়ার্ক ইলেক্ট্রো ডিভাইসেস প্রা লি., বি ০১২ আঁটপ হিল ওয়ার হাউসিং কমপ্লেক্স, ওয়াদালা, মুম্বই -৪০০০৩৭। **শ্রী আত্মারাম গোয়েল,** প্রযত্নে অশোক কুমার কেডিয়া, ২/১/২এ, ফ্ল্যা. নং এ৭০৪, যশোধন সোসাইটি, কোন ধাওয়া, বুদ্রক রোড, পুনে - পিন - ৪১১০০২। এ/সি নং ৪১৩৫০৯৬১১৫২ (এইচবিএল) ৪৩১৬৮০৯৪২২৮(এইতবিএল টপ আপ)। শাখা : এসবিআই আরএসিপিসি বেহালা। | **তপশিল সি (অংশ ১)** নথিভুক্ত বুক নং ১, ভল্যুম নং ১৯০২-২০২০, পৃষ্ঠা ১৮৮৮৯৬ থেকে ১৮৮৯৪৯, দলিল নং ১৯০২০৪০১১-২০২০ সালের অতিরিক্ত রেজিস্ট্রার অব অ্যাসিওরেন্স -২, এআরএ -২ এর অফিস, কলকাতা পশ্চিমবঙ্গ। (অংশ -২) **প্রথম তপশিল উল্লেখ্য (উক্ত জমি/প্রেমিসেস)** সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ ৬৩ **কাঠা ১৪ ছটাক ১৯ বর্গফুট** বা **৪২৭৪.৩২ বর্গ মিটার** এবং তদস্থিত বহুতল ভবন এবং নির্মাণ পুরসভা প্রেমিসেস নং ৩৫, পন্ডিতিয়া রোড (পূর্বতন নং ৩৫/১কে, ৩৫/১এল, ৩৫/১এইচ, ৩৫/এ, ৩৫ এবং ৩৫/বি, পন্ডিতিয়া রোড), কলকাতা -৭০০০২৯, ওয়ার্ড নং ৮৫, বরো নং ৮, সাব রেজিস্ট্রি আলিপুর, থানা পূর্বতন বালিগঞ্জ, (বর্তমানে থানা লেক), জেলা দক্ষিণ ২৪ পরগনা, **চৌহদ্দি : উত্তরে :** পন্ডিতিয়া রোড। **দক্ষিণে :** অশ্বিনী দত্ত রোড। **পূর্বে :** পন্ডিতিয়া রোড। **পশ্চিমে :** অংশত প্রেমিসেস নং ৩৫/১এ, পন্ডিতিয়া রোড এবং অংশত পন্ডিতিয়া রোড। **দ্বিতীয় তপশিল উল্লেখ্য অংশ ১ (উক্ত ফ্ল্যাট/ইউনিট)** সংশ্লিষ্ট সকল অংশ ফ্ল্যাট নং ১০ডি, ১১তম তল নিউ ভবন পরিচিত প্লাজো, প্রেমিসেস (উল্লিখিত প্রথম তপশিলে লিখিত মতে), পরিমাপ ১২৯৩ বর্গফুট বিল্ট আপ এরিয়া (সমপরিমাপ ১৫৫৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া) (কমবেশি) এক পৃথক কক্ষ নং ৪, ১১তম তলে নব নির্মিত ভবনে পরিচিত প্লাজো হিসেবে, প্রেমিসেস পরিমাপ ৭৫ বর্গফুট বিল্ট আপ এরিয়া। (সমপরিমাপ ৯০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া) এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সহ নির্দিষ্টভাবে তৃতীয় তপশিলে উল্লিখিত মতে উক্ত প্রেমিসেসে (প্রথম তপশিলে লিখিত মতে) সংশ্লিষ্ট ইউনিটের জন্য। | ১৩(২) ধারা অধীনে নোটিশের তারিখ ২২.১২.২০২৫ এনপিএ তারিখ ১৮.১২.২০২৫ | এ/সি নং ৪১৩৫০৯৬১১৫২ **(এইচবিএল)** ৪৩১৬৮০৯৪২২৮ **(এইচবিএল টপ আপ) ২,৩১,১১,০৯৪ টাকা** (দুই কোটি একত্রিশ লাখ এগার হাজার চুরানব্বই টাকা) **২২.১২.২০২৫** অনুযায়ী। আপনারা চুক্তি মোতাবেক হারে উক্ত পরিমাণের জন্য পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি দিতে দায়বদ্ধ। |

নোটিশের বিকল্প পরিষেবা হিসেবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত ঋণগ্রহীতাগণ সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে, ব্যর্থ হলে সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) অধীনে এই নোটিশের ৬০ দিনের পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন

তারিখ : ০১.০১.২০২৬ — অনুমোদিত অফিসার
স্থান - কলকাতা — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া